বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ নং দিলকুশা বাণিজ্যিক/এলাকা,ঢাকা-১০০০

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন

মাস: ডিসেম্বর, ২০১৭।

বাস্তবায়নাধীন নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার(%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	শিল্প মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ।	১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন।	মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থা	• বিএসএফআইসি এবং অধীনস্থ বিভিন্ন সুগার মিল/প্রতিষ্ঠানে বর্তমানে মোট ২৫14টি পদ শূন্য রয়েছে, যার মধ্যে ১ম শ্রেণির ৩১৭ , ২য় শ্রেণির ৮৩ , ৩য় শ্রেণির ১০০৫টি এবং ৪র্থ শ্রেণির (শ্রমিকসহ) ১১০৯টি। বর্তমানে সরাসরি নিয়োগের মাধ্যমে ৩টি ক্যাটাগরির ১ম শ্রেণির ৬৯ । এরমধ্যে সহকারী ব্যবস্থাপক(সম্প্রঃ/বীজ পরিদর্শন)-৩৯ , সহকারী ব্যবস্থাপক (উৎপাদন)-৮টি এবং সহকারী ব্যবস্থাপক (জেনারেল ক্যাডার)-২২টি শূন্যপদে নিয়োগের নিমিত্ত নিয়োগ সংক্রান্ত সকল প্রকার আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে এবং নিয়োগ কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে আছে। • ৪টি ক্যাটাগরির ১ম শ্রেণির ৫১ । এরমধ্যে সহকারী ব্যবস্থাপক (হিসাব)-২০ , ব্যবস্থাপক (হিসাব)-২০ , মেডিক্যাল অফিসার- ৮টি এবং সহকারী ব্যবস্থাপক (পরিবহণ প্রকৌশল)- ৩) শূন্যপদে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত আবেদনপত্রের যাচাই-বাছাই প্রক্রিয়াধীন আছে। • এছাড়া সংস্থার নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহে ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী ও শ্রমিক এর শূন্যপদে নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।	-	-	-

চলমান পাতা/২

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার(%) সহ নির্দেশনাবাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
০২ নির্দেশনার ক্রমিক নং ২৩	সরকারি অর্থ সাশ্রয় ও সরকারি শিল্প কারখানার উৎপাদিত পণ্যের স্বার্থে সরকারি ক্রয় যতদূর সম্ভব সরকারি প্রতিষ্ঠান হতে করতে হবে। দেশীয় শিল্প প্রতিষ্ঠানে উৎপাদিত যন্ত্রপাতির অনুরূপ যন্ত্র আমদানীকে নিরুৎসাহিত করতে হবে এবং আমদানী বিকল্প পণ্য উৎপাদনের জন্য শিল্প গড়ে তুলতে হবে।	১২-০৪-২০০৯ ও ২৪-০৮-২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন।	মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থা	• চিনিকলে চিনি উৎপাদনে ব্যবহৃত রিফাইন্ড সালফার সরকারী মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান টিএসপি কমপ্লেক্স, চট্টগ্রাম থেকে ক্রয় করা হয়। • আখ উৎপাদনে ব্যবহৃত সার বিএডিসি এবং বিসিআইসি থেকে ক্রয় করে চাষীদের মধ্যে বিতরণ করা হয়। পদ্মা অয়েল কোং লিঃ হতে কীটনাশক ক্রয় করা হয়। • চিনিকলে রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে ব্যবহৃত দেশের অভ্যন্তরে প্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান রেণউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লিঃ, বিটাক (ঢাকা, খুলনা) ও খুলনা শিপইয়ার্ড থেকে তৈরি/মেরামত করা হয়। • নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. থেকে গাড়ি ক্রয়ের নির্দেশনা দেয়া আছে এবং সেই অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে। • কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহকে সরকারী মালিকানাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয় করার নির্দেশনা দেয়া আছে।	-	-	-
০৭	বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নঃ বিভিন্ন চিনিকলের জন্য পাওয়ার টারবাইন, ডিজেল জেনারেটর ও বয়লার প্রতিস্থাপন প্রকল্প।	১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন।	চেয়ারম্যান, বিএসএফআইসি।	• "বিভিন্ন চিনিকলের জন্য পাওয়ার টারবাইন, ডিজেল জেনারেটর ও বয়লার প্রতিস্থাপন" প্রকল্পের পিসিআর দাখিলের জন্য প্রাক্তন প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করা হয়েছে। জয়পুরহাট চিনি কলে স্থাপিত নতুন বয়লারটির পূর্ণ মাত্রায় ট্রায়াল কার্যক্রম বর্তমান মাড়াই মৌসুমে চলমান রয়েছে। ট্রায়াল কার্যক্রম সমাপ্ত হলে শীঘ্রই সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) প্রণয়ন করা হবে।	জুন, ২০১৫ তে সমাপ্ত হয়েছে।	-	-

চলমান পাতা/৩

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার(%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
১১ নির্দেশনার ক্রমিক নং ১৮ নির্দেশনার ক্রমিক নং ৩১ নির্দেশনার ক্রমিক নং ৩৩	<u>শিল্প বর্জ্য পরিশোধন:</u> পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সাথে আলোচনাপূর্বক প্রতিটি শিল্প কারখানায় বর্জ্য পরিশোধনের নিমিত্ত Effluent Treatment Plant (ETP) স্থাপন করার বিষয়টি নিশ্চিত করতে হবে। ভবিষ্যতে একই ধরনের শিল্প এক একটি শিল্প পার্কে স্থানান্তর করে কেন্দ্রীয়ভাবে বর্জ্য পরিশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। নতুন শিল্প কারখানায় শুরু থেকেই বর্জ্য শোধনাগার (ইটিপি) থাকতে হবে। পুরাতন শিল্প কারখানায় মালিকদের ইটিপি তৈরির জন্য বাধ্য করতে হবে। প্রয়োজনে সরকারি ব্যয়ে কেন্দ্রীয় ইটিপি তৈরি করতে হবে। শিল্প মালিকগণকে সংশ্লিষ্ট ব্যয় ও ফি প্রদান করতে হবে। পরিবেশ বাঁচিয়ে শিল্পায়ন ও বর্জ্য শোধানাগার স্থাপন বাধ্যতামূলক করতে হবে। জমির আকৃতির সাথে শিল্প কারখানা ডিজাইন করতে হবে এবং ভূমি ভবন বিনির্মাণের বিষয়ে দ্রুত ব্যবস্থা নিতে হবে।	১২-০৪-২০০৯ ও ২৪-০৮-২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন।	চেয়ারম্যান, বিসিআইসি/ বিএসএফআইসি/ বিসিক।	• পরিবেশ দূষণ রোধকল্পে প্রতিটি শিল্প কারখানার সাথে ইটিপি স্থাপনের সরকারি নির্দেশনা অনুযায়ী বিএসএফআইসি’র আওতাধীন নাটোর সুগার মিলস্ লি.-এ নিজস্ব অর্থায়নে ইটিপি স্থাপন করা হয়েছে এবং ২০১৬-১৭ অর্থবছরে পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধিদের উপস্থিতিতে পরীক্ষামূলক ভাবে চালু করা হয়। ২০১৭-১৮ মাড়াই মৌসুমে এর কার্যক্রমচালু আছে। অবশিষ্ট ১৪ টি চিনিকলে জিওবি অর্থায়নে ইটিপি স্থাপনের জন্য ডিপিপি বাংলায় রূপান্তর করে সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন সহ শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে ০৬-০৭-২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। গত ২৮-০৯-২০১৭ তারিখে ডিপিপির উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি সংশোধন করে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে ২৭-১২-২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। • ইটিপি স্থাপন না হওয়া পর্যন্তমধ্যবর্তী ব্যবস্থা হিসেবে চিনিকলসমূহের তরল বর্জ্য সংরক্ষণের জন্য মিল প্রাঙ্গণে লেগুন নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানেতরল বর্জ্য লেগুনে সংরক্ষণ করা হচ্ছে বিধায় চিনিকল এলাকার বাহিরের পরিবেশ দূষিত হচ্ছে না।	-	-	-

চলমান পাতা/৪

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার(%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
১২	চিনিকলের পাওয়ার জেনারেশন: চিনিকলগুলোর জেনারেটরে আখ মাড়াই মৌসুম ব্যতীত অন্য সময়ে যাতে বিদ্যুৎ উৎপাদন করতে পারে এবং উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করতে পারে সে বিষয়ে বিএসএফআইসি বিদ্যুৎ বিভাগের সাথে পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। র-সুগার আমদানি: শিল্প মন্ত্রণালয় র-সুগার আমদানি এবং চিনিকলে তা রিফাইন করার বিষয়ে সম্ভাব্যতা যাচাই করে দেখবে।	১২-০৪-২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন।	চেয়ারম্যান, বিএসএফআইসি।	• "নর্থ বেঙ্গলচিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন" প্রকল্পটি বাস্তবায়িত হলে আখ মাড়াই মৌসুমে মিলে বাড়তি বিদ্যুৎ উৎপাদন করে প্রয়োজন মিটিয়ে ৩ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা যাবে। মাড়াই মৌসুমের উদ্বৃত্ত ছোবরা ও আমদানি/ক্রয়কৃত কয়লা দ্বারা আমদানিকৃত র-সুগার প্রসেস করে রিফাইন সুগার উৎপাদনের পাশাপাশি মিলের জেনারেটরে বাড়তি বিদ্যুৎ উৎপাদন করে ৩ মেগাওয়াট বিদ্যুৎ অমৌসুমে জাতীয় গ্রিডে সরবরাহ করা সম্ভব হবে। ফলে মিলের বাড়তি আয়ের সুযোগ সৃষ্টি হবে। • নর্থ বেঙ্গাল চিনিকলে র-সুগার থেকে রিফাইন সুগার উৎপাদনের প্রকল্পটি বাস্তবায়নের পর পর্যায়ক্রমে অন্যান্য চিনিকলেও অনুরূপ প্রকল্প গ্রহণের পরিকল্পনা আছে। • "নর্থ বেঙ্গালচিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন" শীর্ষক প্রকল্পের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন গৃহীত প্রকল্পের প্রজেক্ট ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ডিজাইন কাজের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রদান করা হয়। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ড্রাফ্ট রিপোর্ট প্রাপ্তির পর পর্যালোচনা কমিটি কর্তৃক চূড়ান্ত করা হয়। পরামর্শক প্রতিষ্ঠান হতে যন্ত্রপাতির চূড়ান্ত স্পেসিফিকেশন পাওয়ার পর যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে EPC(Engineering, Procuring & Commissioning) ঠিকাদার নিয়োগের নিমিত্ত আন্তর্জাতিক দরপত্র আহবান করে গত ২১-০৯-২০১৭ তারিখে NBSM- Package-1 এবং ২৫-০৯-২০১৭ তারিখে NBSM- Package-2 এর দরপত্র গ্রহণ করা হয়। দরপত্রসমূহ নন-রেসপনসিপ বিবেচিত হওয়ায় টিইসি কমিটির ও সংস্থার বোর্ডের সুপারিশের প্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে দরপত্রসমূহ বাতিল করে ১৫-১১-২০১৭ তারিখে নঃআন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়। সে মোতাবেক প্রাপ্ত দরপত্র টিইসি কর্তৃক মূল্যায়নের কাজ চলছে। • প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ : ফেব্রুয়ারি ২০১৪ হতে জুন ২০১৮। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় : ৩২৪১৮.০০ লক্ষ টাকা । ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ৭৯৭.৯৭ লক্ষ টাকা। অগ্রগতির হার: ক) আর্থিক ৩৯.১৫ লক্ষ টাকা। খ) বাস্তব: ১৬% • প্রকল্পের মেয়াদ ৩০-০৬-২০১৮ তারিখে শেষ হয়ে যাবে বিধায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	জুন, ২০১৮	-	-

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার(%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪	দেশে বিদ্যমান চিনিকলসমূহে যাতে আখের পাশাপাশি সুগার বিট ব্যবহার করে চিনি উৎপাদন করা যায়, উহার লক্ষ্যে ডুয়েল সিস্টেম মেশিনারি (Dual System Machinery) সংস্থান রাখা।	গত ২০-০৭-২০১৪ তারিখ কৃষি মন্ত্রণালয় পরিদর্শন কালে প্রদত্ত নির্দেশনা।	চেয়ারম্যান, বিএসএফআইসি।	• "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগারবিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি একনেক কর্তৃক গত ২১-০৭-২০১৬ তারিখে শর্ত সাপেক্ষে অনুমোদিত হয়। একনেক সভার সিদ্ধান্ত মোতাবেক চিলিং স্টোরেজের ব্যয় প্রাক্কলন অন্তর্ভুক্ত করে পুনর্গঠিত ডিপিপি ৪৮৫৬২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ০৫-১২-২০১৬ তারিখে অনুমোদন পাওয়া যায়। প্রকল্পের ১ম সংশোধিত/বর্ধিত প্রজেক্ট ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ডিজাইন কাজের জন্য ১২-০১-২০১৭ তারিখে পরামর্শক প্রতিষ্ঠান M/s Sosam Sugar Consultants, India এর সাথে চুক্তি স্বাক্ষর হয়। চুক্তি অনুসারে পরামর্শক প্রতিষ্ঠান বর্ধিত/সংশোধিত প্রজেক্ট ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ডিজাইন কাজের চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে। • পরামর্শক প্রতিষ্ঠান হতে যন্ত্রপাতির চূড়ান্ত স্পেসিফিকেশন পাওয়ার পর যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে EPC (Engineering, Procuring & Commissioning) ঠিকাদার নিয়োগের নিমিত্ত প্যাকেজ-১, প্যাকেজ-২ ও প্যাকেজ-৩ এই তিনটি প্যাকেজে ভাগ করে ১২-০৬-২০১৭ তারিখে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়েছে। নির্ধারিত সময়সীমা অনুযায়ী দরপত্র দাখিল করে। তিনটি প্যাকেজে প্রাপ্ত দরপত্রসমূহ নন-রেসপনসিপ বিবেচিত হওয়ায় টিইসি কমিটির ও সংস্থার বোর্ডের সুপারিশের প্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে দরপত্রসমূহ বাতিল করে ১৫-১১-২০১৭ তারিখে পুনঃআন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়। পুনঃআন্তর্জাতিক দরপত্র মোতাবেক ১৪-১২-২০১৭ এবং ১৫-১২-২০১৭ তারিখে যথাক্রমে প্যাকেজ-১, প্যাকেজ-২ ও প্যাকেজ-৩ এর দরপত্র উন্মুক্ত করা হয়। বর্তমান দরপত্র মূল্যায়নের কাজ চলছে। • ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ১২৮৫.৬০ লক্ষ টাকা। অগ্রগতির হার: ক) আর্থিক: ৪৭.৩৫ লক্ষ টাকা। খ) বাস্তব: ১৭% বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই) কর্তৃক গবেষণায় সুগার বিট থেকে চিনি উৎপাদন প্রক্রিয়ায় আলোচ্য প্রকল্পটি সফল ও লাভজনক হলে ভবিষ্যতে যে সব ক্ষেত্রে প্রয়োগ সম্ভব সে সব চিনিকলে ডুয়েল সিস্টেম মেশিনারির সংস্থান রাখার উদ্যোগ গ্রহণ করা হবে।	জুন,২০১৮	-	-

চলমান পাতা/৬

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার(%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৫	শিল্পপণ্যের আন্তর্জাতিক বাজারে রপ্তানী বৃদ্ধি নিশ্চিত করার জন্য গবেষণা, উন্নয়ন এবং বাজারজাতকরণে গুরুত্ব দিতে হবে।	গত ২৪-০৮-২০১৪ তারিখ শিল্প মন্ত্রণালয় পরিদর্শন কালে প্রদত্ত নির্দেশনা।	চেয়ারম্যান, বিসিআইসি/ বিএসইসি/ বিএসএফআইসি	(১)কেরু এন্ড কোং(বিডি) লি. প্রতিষ্ঠানটির ডিষ্টিলারী ইউনিটের পণ্যের আহরণের হার হ্রাস পাওয়ার কারন খতিয়ে দেখা এবং উৎপাদিত ফরেন লিকার আন্তর্জাতিক মানে উন্নয়ন করে রপ্তানীর লক্ষ্যে গবেষণা কার্যক্রমের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজী বিভাগে অনুরোধ পত্র প্রেরণ করা হয়। এতদবিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজী বিভাগের প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হক সরেজমিনে ডিস্টিলারী ইউনিটটির উৎপাদনের বিভিন্ন ধাপ (Process) পরিদর্শন করেন। পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন সংস্থায় দাখিল করেন। সংস্থার বোর্ড কর্তৃক কতিপয় শর্তসাপেক্ষেঢাকা বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজী বিভাগের বিশেষজ্ঞ নিয়োগসহ গবেষণা কার্যক্রম দ্রুত সম্পন্নকরণের নীতিগতভাবে অনুমোদনকরা হয়। সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজী বিভাগকে অবহিতকরনসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ পত্র প্রেরণ করা হলে অত্র বিভাগ কর্তৃক পত্রে উল্লেখ করেন যে, কোন গবেষণা/উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ফলাফল সফল বা বিফলভাবে সমাপ্তি ঘটতে পারে এবং ফলাফল বিফল হলেও পরম্পরায় বিফল ফলাফলই উন্নয়ন কার্যক্রম সহযোগিতার পথ নির্দেশক হিসেবে কাজ করবে ফলশ্রুতিতে কোন গবেষণা ও উন্নয়ন কার্যক্রমর প্রস্তাবিত ব্যয় কাজের অগ্রগতির উপর মূল্যায়ন বা কিস্তিতে ব্যয় নির্বাহ করার উপর নির্ভর করে না। এ প্রেক্ষিতে গবেষণা/উন্নয়ন কার্যক্রমের ব্যয়েরMode of payment কিস্তিতে প্রদানের কারণে Research & Development কার্যক্রম বাস্তবায়নে অনীহা প্রকাশ করায় এই কার্যক্রম বন্ধ ছিল। উল্লেখিত বিষয়টি গত ৩১-০৮-২০১৭ তারিখে ২৩১০ তম বোর্ড সভায় আলোচনা হয়। কেরু অ্যান্ড কোং(বিডি) লি. এর ডিষ্টিলারীর উন্নয়ন/রিকভারি বিষয়টি বিবেচনাকরতঃ পুনরায় এর কার্যক্রম শুরু করারসিদ্ধান্ত গৃহীত হয় এবং এর প্রেক্ষিতে প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হক এর সাথে যোগাযোগের জন্য সূত্র নং- বিএসএফআইসি/উৎঃ ও প্রঃ/উৎপাদন-৭৩/২০১৭-১৮/১৬, তারিখঃ ২৪-০৯-২০১৭ খ্রি. ব্যবস্থাপনা পরিচালক, কেরু অ্যান্ড কোং(বিডি) লি. বরাবর পত্র প্রেরণ করা হয়। বর্তমানে যোগাযোগ অব্যাহত আছে। তাছাড়া কেরু এন্ড কোং(বিডি) লি. এর ডিষ্টিলারী ইউনিটে বিদ্যমান ল্যাবরেটরীকে গবেষণা কাজে ব্যবহারের উপযোগী করে বিএসএফআইসি'তে কর্মরত দক্ষ ও মেধাসম্পন্ন রসায়নবিদ কর্তৃক গবেষণা কার্যক্রম চালিয়ে ডিষ্টিলারী পণ্যের মান ও গুন দুটোই আন্তর্জাতিকমানে উন্নত করা সম্ভব হবে। উক্ত ডিষ্টিলারী ইউনিট র ল্যাবরেটরীকে গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে উন্নত আধুনিক মানে উন্নীত করার জন্য আর্থিক বরাদ্দ প্রয়োজন। ভবিষ্যতে এই ল্যাবরেটরী অন্যান্য গবেষণা কার্যক্রমেও সহায়ক হবে।	-	-	-

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার(%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
				(২) সংস্থার ১৫টি চিনিকলে আখ মাড়াই করে ডাবল সালফিটেশন প্রক্রিয়ায় প্ল্যান্টেশন হোয়াইট সুগার উৎপাদন করা হয়। প্ল্যান্টেশন হোয়াইট সুগার থেকে ব্রাউন সুগার উৎপাদনের জন্য সম্ভাব্যতা যাচাইপূর্বক কনসালটেন্ট নিয়োগের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যায়-মর্মে সংস্থার রসায়ন বিভাগ মতামত প্রকাশ করেন। পরবর্তীতে চিনিকলসমূহে উৎপাদিত চিনি ব্রাউন সুগার মানের সমতুল্য কিনা তার মানমাত্রা বিশ্লেষণের জন্য BRTC, BUET-কে পত্রে অনুরোধ করা হলে প্রতিষ্ঠানসমূহ এধরণের মানমাত্রা বিশ্লেষণ করা হয় না-মর্মে অবহিত করেন। পক্ষান্তরে BCSIR-এ প্রেরিত নমুনাসমূহের বিশ্লেষিত ফলাফল পুনঃপুন তাগাদা সত্ত্বেও অদ্যাবধি BCSIR হতে পাওয়া যায় নাই। তদুপরি সংস্থার অভিজ্ঞ রাসায়নবিদগণ সংস্থা প্রধানের নির্দেশ মোতাবেক পরীক্ষামূলকভাবে ফরিদপুর, কেরু এন্ড কোং ও নর্থ বেঙ্গলচিনিকলে ব্রাউন সুগার উৎপাদনের জন্য বিভিন্ন কার্যক্রম/পদক্ষেপ গ্রহণ করা সত্ত্বেও চিনির গুনগতমান ব্রাউন সুগার মানের হয়নি। চলমান প্রক্রিয়ায় প্ল্যান্টেশন হোয়াইট সুগারের পাশাপাশি ব্রাউন সুগার উৎপাদনের সুযোগ নাই-মর্মে সংস্থার দক্ষ ও অভিজ্ঞ রসায়নবিদগণ প্রতিবেদনে উল্লেখ করেন। ১৫টি চিনিকলে বিদ্যমান যন্ত্রপাতি দিয়ে ব্রাউন সুগার তৈরির সুযোগ না থাকায় নতুন প্রকল্প গ্রহণপূর্বক ব্রাউন সুগার তৈরির প্ল্যান্ট স্থাপন করা যেতে পারে মর্মে ৩১-০৮-২০১৭ তারিখে ২৩১০ তম বোর্ড সভায়সিদ্ধান্ত গৃহীত হয়। (৩) স্টিভিয়া ক্যালরিবিহিন একটি মিষ্টি জাতীয় গাছ। এর পাতা শুকিয়ে গুড়া করে তা চিনি বা গুড়ের বিকল্প হিসেবে ব্যবহার করা যায়। বিশেষ করে ডায়বেটিস রোগীসহ যাদের অধিক ক্যালরি গ্রহণ করা সমীচিন নয় তাদের জন্যই এ স্টিভিয়া পাতার গুড়া চিনির বিকল্প হিসেবে ব্যবহার করা যায়। বাংলাদেশে স্টিভিয়া চাষের সম্ভবনা, ব্যবহার গুরুত্ব ও এর অর্থনৈতিক প্রভাব বিষয়ে বিএসআরআই, ঈশ্বরদী, গবেষণা পরিচালনা করছে। (৪) সংস্থার ১১/০৩/২০১৫ তারিখের ২১৭৭ তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুসারে ১ কেজি, ২ কেজি ও ৫ কেজি প্যাকেট এর মধ্যে সদর দপ্তরে ও মিলে ১ কেজি ও ২ কেজি প্যাকেট চিনি বাজারজাতকরণ কার্যক্রম নিয়মিত চলছে। (৫) মিল জোন এলাকায় ইক্ষু ক্রয় কেন্দ্রে বিদ্যমান জনবলের মাধ্যমে মিলের ব্যবস্থাপনায় চিনি বাজারজাতকরণের কার্যক্রম চলছে। (৬) আখ চাষ, শিল্প পণ্য রপ্তানী ও বাজারজাতকরণসহ রাষ্ট্রায়ত্ত চিনি শিল্পের উন্নয়ন সংক্রান্ত গবেষণা সেল গঠনের প্রস্তাবনা বোর্ড সভায় অনুমোদিত হয়েছে। যা সংস্থার সাংগঠনিক কাঠামোতে সংযোজনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয় প্রক্রিয়াধীন।	-	-	-

***